

# দরিদ্র ছেলের বিষয়টিও ভাবতে হবে উপবৃত্তি

মেয়েদের শিক্ষার প্রতি আগ্রহ বা অভিভাবকের সচেতনতা বা টাকা প্রাপ্তির সোভ যাই হোক একটা আপনাতন্ত্রণ ফন্ডাক্স প্রাপ্তি নিশ্চিত। কিন্তু আমার কথা হল মেয়েদের পাশাপাশি ছেলেরও অনুরূপ একটা উদ্যোগ গ্রহণ করতে বিলম্ব মহলের বিবেচনা কাম্য। কার্শী অধিকাংশ দরিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠী অধ্যুষিত দেশে ছেলেরও পর্যাপ্ত পরিমাণ টাকা খরচ করে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে তুলতে ক'জন অভিভাবকের সামর্থ্য আছে তা বিবেচনায় আনতে হবে। সর্বোপরি আমি ঢালাওভাবে সকল ছেলের কথা বলছি না। যারা দারিদ্র্য তাদের প্রতি দৃষ্টি বা লক্ষ্য রাখার অনুরোধ জ্ঞাপন করছি। কারণ গ্রামে অনেক ছেলে আছে মেধাবী কিন্তু অভিভাবকের দরিদ্রতার কারণে অকালে করে পড়ে। তাদের দিকে লক্ষ্য করলে আমরা অনেকটা সুফল পেতে পারি। যেহেতু প্রত্যেক মেয়ের অভিভাবক দরিদ্র নয়। বরং অনেক ধনী অভিভাবক আছে। তাদের সন্তানের উপবৃত্তি বা বেতন মওকুফ না করলেও নিয়মিত পেখাপড়া চালিয়ে যাবার সামর্থ্য যথেষ্ট পরিমাণে আছে। এ শ্রেণীর অভিভাবক বা মেয়েদের উপবৃত্তি প্রদান না করে দরিদ্র পরিবারের ছেলেরকে উপবৃত্তি বা বেতন মওকুফের ফলে অভিভাবক, শিক্ষার্থী তথা স্বরে পড়া থেকে বিরত বা আগ্রহ বৃদ্ধির সহায়ক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। আমার কারো প্রতি কোনরূপ বিদ্বেষ নেই। শুধুমাত্র মেয়েদের শিক্ষার প্রতি আগ্রহী বা শিক্ষিত করে তুললে হবে না। কারণ একটি মেয়ে শিক্ষিত হয়ে যদি একজন বাল শিক্ত বা অশিক্ষিত ছেলের সাথে বিবাহ

হয়, তাহলে সে সংসারে একটা বিরাট ফাঁক থেকে যায়। একজনের আচার-আচরণ অপরাধনের নিকট সম্পূর্ণ উদ্ভাসিধা হবে বৈকি! এ থেকে সংসারে একটা অমানিশার কালো বাবা সর্বক্ষণ মাথার উপর ছাড়া ন্যায় থাকবে। হয়ত একদিন ভড়ে ছাড়া নিয়ে গেদে ছাতাবিহীন পরিবারে রূপান্তরিত হবে অর্থাৎ বিশ্বেদন আরও লক্ষণ বা আদায়ত কোন অবস্থাতেই পরিবার দেশ, জাতি, সমাজ ব্যবস্থায় সুফল বয়ে আনবে না তথাপি দু'জনের চিন্তা-চেতনা, ধ্যান-ধারণায় কখনও এক হবে না, হতে পারে না। স্তত্রাং এদিকটি অবশ্যই বিবেচনায় আনতে হবে। কারণ পরিবারের সার্বিক সফলতা আশা করা যায় উভয়ের সম্বন্ধিত প্রচেষ্টার মাধ্যমে।

শিক্ষা ক্ষেত্রে সফলতা অর্জনের মাধ্যমে সঠিক ও সার্বিক লক্ষ্য পৌছার পর্যাপ্ত, ইলিত ও নান্দনিকতার পরিবার ও সমাজ তথা সচেতন নাগরিক গড়ে তুলতে একটা সুন্দর, সুস্থ পরিবেশের মধ্য দিয়ে এগিয়ে যাবার পদক্ষেপ গ্রহণ করতে বিলম্ব মহলের প্রতি আমার আন্তরিক, ঐকান্তিক দৃঢ়প্রত্যয় ও প্রত্যাশা কাম করছি সর্বান্তকরণে। আশা করি ব্যাপারটি জেবে দেখবেন এ কামনাতে-

মিজানুর রহমান মিজান

গ্রাম-জয়নগর, ডাক-রাজাপুরজাজার  
বিহুনাথ, সিলেট।